



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2021

গভর্নর ক্যাথি হোকল

ডিসেম্বর মাসে নিউ ইয়র্কবাসীদের বাড়তি খাদ্য সহায়তা প্রদানের জন্য গভর্নর হোকলের 230 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়ার ঘোষণা

*এই সম্পূরক সহায়তা 2021 সালে প্রদানকৃত খাদ্য সহায়তার পরিমাণ 2.4 বিলিয়ন ডলারেরও বেশিতে উন্নীত করেছে*

**সব SNAP পরিবার সর্বোচ্চ মাত্রার খাদ্য সহায়তা পাবে**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) তালিকাভুক্ত সব নিউ ইয়র্কবাসী ডিসেম্বর মাসে অনুমোদিত সর্বোচ্চ পরিমাণ খাদ্য সহায়তা লাভ করবে। SNAP-এ অংশগ্রহণকারী সব পরিবার—যারা ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার বেনিফিট পাচ্ছেন তারা সহ—এমাসের শেষ দিকে সম্পূরক বরাদ্দ লাভ করবে, যা স্টেটের অর্থনীতিতে এই মাসে আনুমানিক 230 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল নিয়ে আসবে যা জানুয়ারি থেকে 2.4 বিলিয়ন ডলারের বেশি।

"কোভিড-19 মহামারীর বিরুদ্ধে অব্যাহতভাবে লড়াই চালিয়ে যাওয়ার এই সময়ে, বহু নিউ ইয়র্কবাসী নিত্যদিনের খাবারের যোগান দিতে সংগ্রাম করে চলেছেন," **বলেছেন গভর্নর হোকল।** "আগের যেকোনো সময়ের চেয়ে এখন আমাদের জন্য খাদ্য অনিরাপত্তা দূরীকরণে পদক্ষেপ গ্রহণ করা বেশি আবশ্যিক। SNAP-এর জন্য প্রদান করা এসব বাড়তি তহবিল ঠাণ্ডা শীতের মাসগুলোতে যখন পরিবারের বাজেটে এমনিতেই টানাটানি অবস্থা, সেসময়ে অভাবী নিউ ইয়র্কবাসীদের কাছে ত্রাণ পৌঁছে দিবে।"

এই জরুরি সম্পূরক সহায়তা এমন পরিবারগুলোকে প্রদান করা হচ্ছে যারা সাধারণভাবে SNAP-এ প্রতি মাসে সর্বোচ্চ পরিমাণে অনুমোদিত সুবিধা পায় না, SNAP হলো স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক ফেডারেল অর্থায়নে পরিচালিত একটি কর্মসূচি। যেসব পরিবার ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার সুবিধার কাছাকাছি বা সেই স্তরে রয়েছে তারা কমপক্ষে 95 ডলারের সম্পূরক পেমেন্ট পাবে।

নিউ ইয়র্ক সিটির বাইরের সব কাউন্টির SNAP পরিবারগুলো আজ 21 ডিসেম্বর দিন শেষ হওয়ার আগে এই সুবিধাগুলো পোস্ট হতে দেখবেন। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচটি কাউন্টির

SNAP পরিবারগুলো আজকের দিন থেকে এমাসের শেষ তারিখের মধ্যে তাদের সুবিধাগুলো পেয়ে যাবেন।

কোভিড-19 মহামারী নিত্যদিনের জীবনযাত্রাকে প্রভাবিত করা অব্যাহত থাকায় সমস্যার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীরা ব্যাপকভাবে SNAP-এর উপর নির্ভরশীল হয়ে আছেন। 2021 সালের অক্টোবর পর্যন্ত, স্টেটব্যাপী আনুমানিক 1.6 মিলিয়ন পরিবার SNAP গ্রহণ করছিল, যেসব পরিবারে মোট 2.77 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসীর বসবাস।

**OTDA-এর এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা গুইন বলেন,** "নিউ ইয়র্কবাসীরা এই বৈশ্বিক স্বাস্থ্য সংকটের ফলস্বরূপ অর্থনৈতিক বিপর্যয়ের সাথে সংগ্রাম চালিয়ে যাচ্ছেন, আনুমানিক 1.6 মিলিয়ন পরিবারের নিত্যদিনের খাবারের যোগান দিতে খাদ্য সহায়তার উপর নির্ভরশীল হওয়া থেকে যার প্রমাণ পাওয়া যায়। এসব সম্পূরক সুবিধা স্টেটজুড়ে খাদ্য অনিরাপত্তা কমিয়ে আনতে সাহায্য করার ক্ষেত্রে একটি অবিচ্ছেদ্য ভূমিকা পালন করে যাচ্ছে, এবং একইসাথে নিউ ইয়র্কের অর্থনীতিতে অতি প্রয়োজনীয় গতিও এনে দিচ্ছে।"

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বর্তমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা বর্তমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যেতে পারে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। SNAP সুবিধার কোনো অংশ অব্যবহৃত থাকলে তা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসের পরিমাণের সাথে যোগ হবে।

যুক্তরাষ্ট্রের অর্থনীতির উপর SNAP-এর প্রভাব নির্ণয়ের জন্য পরিচালিত একটি ফেডারেল গবেষণা অনুযায়ী খাদ্য সহায়তার জন্য ব্যয় করা প্রতিটি ডলার 1.54 ডলার পর্যন্ত অর্থনৈতিক ক্রিয়াকলাপ সৃষ্টি করতে পারে। এই গবেষণায় আরো দেখা গেছে যে নতুন SNAP সুবিধাসমূহের জন্য আরো 1 বিলিয়ন ডলার বিনিয়োগ করা হলে তা দেশব্যাপী আনুমানিক 13,560টি কর্মসংস্থানের জন্য সহায়তা করতে পারে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূরক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য এখানে পাবেন। [mybenefits.ny.gov](http://mybenefits.ny.gov) ওয়েবসাইটে গিয়ে নিউ ইয়র্কবাসীরা SNAP-এর জন্য তাদের উপযুক্ততা যাচাই করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)